

তারিখ: ২৮.৭.২০১৮

## প্রেস বিজ্ঞপ্তি

### ড. জাফর ইকবালের বিশ্ববিদ্যালয়ের ভিসিদের সম্মুখে দেয়া বক্তব্যের বিশ্ববিদ্যালয় পরিষদের তীব্র প্রতিবাদ

২৮.৭.২০১৮ তারিখ বিভিন্ন জাতীয় দৈনিকে প্রকাশিত শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞানের শিক্ষক (যদিও কথা সাহিত্যিক হিসেবে অধিক পরিচিত) ড. জাফর ইকবালের ঐ বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে এক অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের সম্মুখে “যাদের কোনো যোগ্যতা নেই তারা এখন বিশ্ববিদ্যালয়গুলোর ভিসি” প্রদত্ত এ বক্তব্যের প্রতি বাংলাদেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যদের নিয়ে গঠিত বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ সম্মুখে পরিষদের সভাপতি প্রফেসর ড. মোঃ হারুন রশিদ এক বিবৃতিতে বলেন, “বিশ্ববিদ্যালয় উপাচার্যদের নিয়োগ সম্মুখে ড. জাফর ইকবালের উল্লিখিত ঢালাও মন্তব্য উপাচার্যবৃন্দকে বিস্মিত ও মর্মান্বিত করেছে। তাঁর মতো একজন দায়িত্ববান ব্যক্তি কীভাবে এরূপ মন্তব্য করতে পারেন, সেটি ভেবে আশ্চর্যান্বিত হতে হয়। শুধু লবিং করেই যে উপাচার্য হওয়া যায় না এবং অনেক যাঁচাই বাঁছাই প্রক্রিয়া শেষে যে উপাচার্য পদে নিয়োগ প্রদান করা হয়, সে বিষয়টি তাঁর অজানা নয়। তাঁর ঐ বক্তব্য-মন্তব্য খোদ সরকার ও মাননীয় চ্যান্সেলরের এ সংক্রান্ত বিবেচনাকেও প্রশ্নবিদ্ধ করার সামিল। ড. জাফর ইকবাল দেশের ৪২টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যগণের একাডেমিক প্রোফাইল কষ্ট করে একবার দেখে নিলে তিনি দেখতে পাবেন যে, তাঁর ঐ বক্তব্য কতটা অস্বাভাবিক বা বাস্তবতা বিবর্জিত। সমাজে যারা সেলিব্রেটি হিসেবে পরিগণিত তাদের আচার-আচরণ, উচ্চারণ, মন্তব্য আরও সতর্ক ও বস্তুনিষ্ঠ হওয়া একান্ত কাম্য।”

অবগতির জন্য প্রেরণ করা হলো :



(মোঃ ফয়জুল করিম)

পরিচালক (ভারপ্রাপ্ত)

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

জাতীয় বিশ্ববিদ্যালয়